


## Scaling up Access to WASH – Building a Resilient and Sustainable Apparel Sector প্রকল্পের অবহিতকরন সভা অনুষ্ঠিত।




Lindex-এর আর্থিক সহযোগিতা ও WaterAid Bangladesh-এর কারিগরী সহায়তায় **Scaling up Access to WASH – Building a Resilient and Sustainable Apparel Sector প্রকল্পের Start up workshop** সাভার উপজেলা পরিষদ বিজয় ৭১ সম্মেলন কক্ষে গত ১৩ মে ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়।উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা, জনাব রাহুল চন্দ, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন লিনডেক্স টেকসই উন্নয়ন বিভাগীয় ব্যবস্থাপক, জনাব কাজী মোহাম্মদ ইকবাল হোসেন, বিশেষ অতিথি হিসাবে আরও উপস্থিত ছিলেন জনাব পার্থ হেফাজ সেখ, ডিরেক্টর প্রোগ্রামস এন্ড পলিসি এ্যাডভোকেসি, ওয়াটারএইড বাংলাদেশ, জনাব মো: এম.ওয়াহিদুজ্জামান,ডেপুটি জেনারেল ম্যানেজার, পাইনিয়র গ্রুপ।এছাড়াও অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সাভার পৌরসভার ৬ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব আলহাজ আব্দুস সাত্তার, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সহকারী ও উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিভিন্ন পত্রিকার সাংবাদিকবৃন্দ এবং অন্যান্য গন্যমান্য ব্যাক্তিবর্গ। উক্ত অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক) এর নির্বাহী পরিচালক জনাব মো: ইয়াকুব হোসেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা বলেন, বর্তমানে ফ্যাক্টরী গুলোতে পানি, পায়খানা এবং স্বাস্থ্যবিধির যথেষ্ট ভালো ব্যবস্থা থাকলেও ফ্যাক্টরীর শ্রমিকদের বসবাসরত এলাকায় পানি, পায়খানা এবং স্বাস্থ্যবিধির যথেষ্ট অপ্রতুলতা রয়েছে, যার ফলশ্রুতিতে ফ্যাক্টরীর শ্রমিকগন নানাবিধ স্বাস্থ্যঝুঁকিতে রয়েছে, তাদের দিকে নজর দেয়া খুব বেশী প্রয়োজন। আমরা আশা করব এই প্রকল্পের মাধ্যমে ফ্যাক্টরী এবং ফ্যাক্টরী শ্রমিকরা যেখানে বসবাস করেন সেখানকার পানি ও পয়:নিস্কাশন ব্যবস্থা ভালো হবে বলে আমার বিশ্বাস। ফ্যাক্টরী শ্রমিকদের বসবাসের জায়গা এবং আশপাশের হাট বাজার গুলিতেও সম্ভব হলে পাবলিক টয়লেট স্থাপনের উদ্যোগ গ্রহন করা যেতে পারে ।তিনি আশা করেন প্রজেক্টটি যেন কার্যকরভাবে বাস্তবায়ন হয়ে সফলতার সাথে শেষ হয় এবং সত্যিকার অর্থে লক্ষ্যিত জনগোষ্টি যেন উপকৃত হয় ।অতপর: ভার্ক ও প্রকল্পের লক্ষ্য উদ্দেশ্য কার্যক্রম উপস্থাপন করেন ভার্কের উপ পরিচালক-প্রকৌশলী,জনাব মো: মোমিনুল ইসলাম।অনুষ্ঠানের সভাপতি ভার্কের নির্বাহী পরিচালক বলেন ভার্ক সবসময় প্রতিজ্ঞাবদ্ধ হয়ে তাদের কার্যক্রম বাস্তবায়ন করে। বিভিন্ন প্রতিকূলতা মোকাবেলা করে প্রজেক্টের লক্ষ্য এবং উদ্দেশ্য অবশ্যই বাস্তবায়িত হবে। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জনস্বাস্থ্য প্রকৌশলী সাভার, ডেপুটি জেনারেল ম্যানেজার,পাইনিয়র গ্রুপ, সাংবাদিক এবং এনজিও প্রতিনিধিবৃন্দ।

## icddr,b মিশনের ভার্ক কর্তৃক বাস্তবায়িত শিশুবান্ধব ল্যাট্রিন নির্মান পরিদর্শন।



আন্তর্জাতিক স্বাস্থ্য গবেষনা সংস্থা icddr,b- এর কারিগরি সহযোগিতায় এবং ELRHA-UK এর আর্থিক সহায়তায় ভিলেজ এডুকেশন রির্সোস সেন্টার (ভার্ক) রোহিঙ্গা ক্যাম্পে অবস্থিত ল্যাট্রিন শিশুদের ব্যবহার উপযোগী করা ও শিশুদের ল্যাট্রিন ব্যবহারে আগ্রহী করে তোলার জন্য "Utilizing a User-Centered Community Engagement Approach to Design Child-Friendly WASH Facilities in Selected Forcefully Displaced Myanmar Nationals (FDMN) Camps in Cox's Bazar, Bangladesh" নামক একটি প্রকল্প ক্যাম্প-৮ ডাব্লিউ ও ক্যাম্প-১৭ এ বাস্তবায়ন করছে।উক্ত প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রম দেখার জন্য icddr,b থেকে প্রকল্পের প্রিন্সিপাল ইনভেস্টিগেটর ডা. ফারজানা জাহান, গবেষনা ফেলো ডা. আফসানা ইয়াসমিন ও গবেষনা কর্মকর্তা, মোঃ রুহুল আমিন গত ২৯.০৫.২০২৪ তারিখে প্রকল্প এলাকা ক্যাম্প-৮ ডাব্লিউ এ নতুন নির্মিত শিশুবান্ধব ল্যাট্রিন ও শিশুবান্ধব সংস্কারকৃত ল্যাট্রিন পরিদর্শন করেন। এসময়ে তারা নির্মিত ল্যাট্রিনে শিশুবান্ধব ফিচারের কার্যকারিতা ব্যবহার ও এর যৌথ

গুনগতমান সরেজমিনে পর্যালোচনা করেন। নির্মিত ল্যাট্রিনের সাথে কমিউনিটির সংশ্লিষ্টতা পর্যালোচনা করেন। পাশাপাশি ল্যাট্রিন ব্যবহারকারী কমিউনিটির শিশু ও তাদের অভিভাবকদের সাথে ল্যাট্রিনের উপকারিতা এবং রক্ষণাবেক্ষণ বিষয়ে মতবিনিময় করেন।

## ভার্কের ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট ও কর্ম পরিকল্পনা বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত।



ভিলেজ এডুকেশন রির্সোস সেন্টার (ভার্ক) -এর মাইক্রোফাইন্যান্স সেকশনের ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট ও কর্ম পরিকল্পনা বিষয়ক কর্মশালা গত ০৭-০৮ জুন ২০২৪ তারিখে হোটেল সি প্যালেস,কক্সবাজার-এ অনুষ্ঠিত হয়। সংস্থার নির্বাহী পরিচালক, জনাব মো:ইয়াকুব হোসেন উক্ত কর্মশালায় সভাপতিত্ব করেন। কর্মশালায় আরো উপস্থিত ছিলেন জনাব মো:মাসুদ হাসান,উপ-নির্বাহী পরিচালক,জনাব রনদা প্রসাদ সাহা,পরিচালক,মাইক্রোফাইন্যান্স,জনাব মুস্তাফিজুর রশিদ মৃধা,পরিচালক,মানবসম্পদ প্রশাসন এবং জনাব মাসুদ রায়হান, পরিচালক,অর্থ,ভার্ক। দুই দিন ব্যাপী এই সভায় উপস্থিত ছিলেন ভার্কের মাঠ পর্যায়ের বিভিন্ন এলাকা থেকে আগত সহকারী পরিচালকগণ এবং শাখা ব্যবস্থাপকগণসহ কেন্দ্রীয় কার্যালয়ের মাইক্রোফাইন্যান্স সেকশনসহ সংশ্লিষ্ট সেকশন সমূহের উপপরিচালক ও সহকারী পরিচালকগণ।

## জলবায়ু পরিবর্তন মোকাবেলায় গ্রহণ করতে হবে টেকসই উদ্যোগ।




জলবায়ু পরিবর্তন একুশ শতকের একটি অন্যতম বৈশ্বিক ঝুঁকি এবং বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের ফলে অত্যন্ত ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। বাংলাদেশে জলবায়ু পরিবর্তনজনিত হটস্পটগুলোর মধ্যে বরেন্দ্র এলাকা, বিশেষ করে নওগাঁ জেলা অন্যতম। জলবায়ু পরিবর্তনের ফলে এই এলাকায় খরার প্রকোপ ক্রমাগত বাড়ছে। জলবায়ু পরিবর্তনের কারণে বরেন্দ্র এলাকায় খরার প্রকোপ বৃদ্ধি পাচ্ছে যার ফলস্বরূপ কৃষি, খাবার পানি এবং জীবিকায়ন ক্ষতিগ্রস্থ হচ্ছে। খাবার এবং কৃষি কাজের জন্য প্রয়োজনীয় পানির উৎসসমূহ হ্রাস পাচ্ছে অর্থাৎ কৃষকের জন্য সেচ ব্যবস্থাপনা অনেক ব্যয়বহুল হয়ে যাচ্ছে। বরেন্দ্র অঞ্চলের খরা মোকাবিলায় বাংলাদেশ সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। যার মধ্যে বৃক্ষরোপণ, নদী ও খাল পুনঃখনন, ভূ-গর্ভস্থ পানির রিজার্ভ বাড়ানো ইত্যাদি অন্যতম । গত ২৬ জুন ২০২৪ তারিখ নওগাঁ জেলার মান্দা উপজেলায় উপজেলা পরিষদ অডিটোরিয়ামে ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক) এবং দাবী মৌলিক উন্নয়ন সংস্থা উদ্যোগে জলবায়ু পরিবর্তন মোকাবেলা বিষয়ক এক দিনব্যাপী অবহিতকরণ কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালার বিষয়বস্তু ছিল এক্সটেন্ডেড কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ (ইসিসিসিপি-ড্রট) প্রকল্প সম্পর্কে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের অবহিত করা।কর্মশালায় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শারমিন জাহান লুনার সভাপতিত্বে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান তোফাজ্জল হোসেন তোফা, উপজেলা কৃষি কর্মকর্তা শায়লা শারমিন, পিকেএসএফ এর ব্যবস্থাপক ফজলে হোসাইন (ফরহাদ), দাবী মৌলিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক আশরাফুন নাহার, ভার্কের নির্বাহী পরিচালক মো:ইয়াকুব হোসেন, মান্দা প্রেসক্লাবের সভাপতি নজরুল ইসলাম প্রমুখ। জলবায়ু পরিবর্তন মোকাবেলায় মান্দা উপজেলার ৮টি ইউনিয়নে প্রকল্পটি বাস্তবায়ন হচ্ছে।প্রকল্প বাস্তবায়ন এলাকার ৮টি ইউনিয়নের চেয়ারম্যান, উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্মশালায় অংশগ্রহণ করেন। খরার প্রকোপ মোকাবেলায় ভূ-উপরিস্থ ও ভূ-গর্ভস্থ পানির প্রাপ্যতা বৃদ্ধি করাসহ খরা সহনশীল ফসলের চাষ বৃদ্ধিতে উদ্বুদ্ধ করা যায় এমন বিভিন্ন বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।

## মাঠ পর্যায়ে জলবায়ু পরিবর্তনে খাপ খাওয়ানো, চাপ ব্যবস্থাপনা এবং জীবন ও জীবিকায় ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত।



ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক) জলবায়ু পরিবর্তনের ফলাফল, চাপ ব্যবস্থাপনা এবং আমাদের কর্মক্ষমতায় কি রকম প্রভাব পড়ে ও আমাদের করণীয়, ঝুঁকি ব্যবস্থাপনার ও নিয়ন্ত্রনের,খাদ্য ও পুষ্টির মৌলিক ধারনা, জৈবসার দ্বারা উৎপাদিত খাদ্য ও এর ব্যবহার এবং দল ও সমিতি গঠন, দলনেতা ও সদস্যদের দায়িত্ব ও কর্তব্য ও নিয়মিত কিস্তি ও সঞ্চয় প্রদানের গুরুত্ব অনুধাবনের জন্য মাইক্রোফাইন্যান্স সেকশনের সমিতির সদস্যদের অংশগ্রহণে ১ দিনের প্রশিক্ষণের আয়োজন করে সমিতি পর্যায়ের সদস্যদের আর্থ-সামাজিক এবং জীবনমানের উন্নয়নের জন্য ভার্কের মাইক্রোফাইন্যান্স সেকশন কাজ করছে। কিন্তু জলবায়ু পরিবর্তনের ফলে স্বাভাবিক কাজ-কর্ম ব্যাহত হওয়ায় তাদের আর্থ-সামাজিক উন্নয়নের গতিও ধীরে ধীরে কমছে। পরিবর্তিত অবস্থার প্রেক্ষিতে উপকারভোগী/সমিতির সদস্যরা কিভাবে জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়াবে, চাপ নিয়ন্ত্রণ করবে, জীবন ও জীবিকায় ঝুঁকি কমাবে এবং এই অবস্থায় করণীয় বিষয় ঠিক করতে এই প্রশিক্ষণের আয়োজন করে।গত মে-জুন, ২০২৪ মেয়াদে ১২৯ ব্যাচের মাধ্যমে ৩,১৯৩ জন উপকারভোগী/সমিতির সদস্যকে প্রশিক্ষণ দেয়া হয়। প্রতি ব্যাচে ২৫ জন করে উপকারভোগী/সমিতির সদস্য উপস্থিত ছিল।

প্রকাশনায়: ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক)
বি-৩০, এখলাস উদ্দিন খান রোড, আনন্দপুর, সাভার,
ঢাকা -১৩৪০। ফোন: ০১৭১১৬৪৭৩০৩
ই-মেইল - info@vercbd.org, verc@bangla.net